**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 19-09-2025** **Desk in Charge : SDG**

**Time : 7.50 P.M** **Compiling : DSS**

**DEO : KB** **NR : DSS**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবর –

১/ নির্বাচন কমিশন, পশ্চিমবঙ্গের ১২ টি সহ বিধিভঙ্গের দায়ে ৪৭৪ টি নথিভুক্ত, অথচ স্বীকৃতিপ্রাপ্ত নয় এমন রাজনৈতিক দলকে, তাদের তালিকা থেকে বাদ দিয়েছে।

# এদিকে, যোগ্য স্থায়ী কর্মী থাকা সত্বেও তৃণমূল কংগ্রেস নেতাদের BLO পদে নিয়োগের অভিযোগ সম্পর্কে তদন্তের নির্দেশ, মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের।

২/ রোজভ্যালির টাকা ফেরানোর দায়িত্বে থাকা কমিটির বিরুদ্ধে আর্থিক অনিয়মের অভিযোগ নিয়ে সেবি-কে ফরেনসিক অডিট করানোর নির্দেশ কলকাতা হাইকোর্ট-এ র।

৩/ ২০১৬ সালের SSC-র চাকরীহারা গ্রুপ-সি ও গ্রুপ-ডি কর্মীদের সরকারি ভাতা দেওয়ার সিদ্ধান্তের ওপর ‘অন্তর্বর্তীকালীন স্থগিতাদেশ’, আগামী বছর জানুয়ারী পর্যন্ত বৃদ্ধি করেছে কলকাতা হাইকোর্ট।

৪/ বিশিষ্ট অসমিয়া সঙ্গীত শিল্পী ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব জুবিন গর্গ প্রয়াত।

৫/ মহালয়ার দিন আকাশ মোটামুটি পরিষ্কার থাকলেও, পুজোয় এবার দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

**********************************************************************

নির্বাচন কমিশন, বিধিভঙ্গের দায়ে ৪৭৪ টি নথিভুক্ত, অথচ স্বীকৃতিপ্রাপ্ত নয় এমন রাজনৈতিক দলকে, তাদের তালিকা থেকে বাদ দিয়েছে। পশ্চিমবঙ্গের ১২ টি দল'ও এর মধ্যে রয়েছে। এদের মধ্যে রয়েছে- 'গোর্খা ন্যাশনাল লিবারেশন ফ্রন্ট'-GNLF, কামতাপুর প্রগ্রেসিভ পার্টি, ন্যাশনালিস্ট তৃণমূল কংগ্রেস পার্টি, পশ্চিমবঙ্গ রাজ্য মুসলিম লীগ, আম্বেদকারবাদী পার্টি ইত্যাদি। ২০১৯ সাল থেকে টানা ৬'বছর একটি নির্বাচনেও এই দলগুলি অত্যাবশ্যক শর্ত পূরণ করতে পারেনি। এই নিয়ে কমিশন গত দুমাসে মোট ৮০৮টি এ'ধরণের রাজনৈতিক দলকে তাদের তালিকা থেকে বাদ দিলো। প্রথম দফায় গতমাসেই বাদ দেওয়া হয়েছিল ৩৩৪ টি দলকে।

কমিশন সূত্রে জানা গেছে, ৩৫৯ টি নথিভুক্ত অথচ স্বীকৃতীপ্রাপ্ত নয়, এমন রাজনৈতিক দলকে চিহ্নিত করা হয়েছে, যারা গত তিন বছরে নির্ধারিত সময়সীমা পেরিয়ে যাওয়ার পরেও তাদের বার্ষিক অডিট অ্যাকাউন্টের হিসেব জমা দেয়নি। সংশ্লিষ্ট রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের অবিলম্বে এই দলগুলিকে 'শো-কজ' নোটিশ জারি করার'ও নির্দেশ দিয়েছে কমিশন। CEO-এর রিপোর্টের ওপর ভিত্তি করে, এদের তালিকা থেকে বাদ দেওয়ার ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে বলেও কমিশনের পক্ষ থেকে জানানো হয়েছে।

************************

যোগ্য স্থায়ী সরকারি কর্মী থাকা সত্ত্বেও তৃণমূল কংগ্রেসের নেতাদের বিএলও পদে নিয়োগ করা হচ্ছে বলে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর অভিযোগের প্রেক্ষিতে তদন্তের নির্দেশ দিয়েছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর ।

মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন বিরোধী দলনেতা কমিশনের কাছে সরকারি ভাবে অভিযোগ জমা না দিলেও এক্স হ্যান্ডেলে যে পোস্ট

করেছেন তা তাঁদের গোচরে এসেছে। তার ভিত্তিতেই জেলাশাসকের কাছে রিপোর্ট তলব করা হয়েছে। অভিযোগের সত্যতা প্রমাণ হলে নিয়মমাফিক ব্যবস্থা নেওয়া হবে।

***********************

পণ্য পরিষেবা কর এর পরিবর্তিত হারে দেশের ১৪০ কোটি মানুষের প্রত্যেকে উপকৃত হবে বলে মনে করেন সিজিএসটি এবং আবগারি শুল্ক বিভাগের কমিশনার বিক্রম ওয়ানি। তার মতে এই হার সরলীকরণের ফলে মানুষের মানুষের জীবন ধারণের খরচ অনেকখানিই কমবে।

( বাইট- বিক্রম ওয়ানি )

***********************

রোজভ্যালির টাকা ফেরানোর দায়িত্বে থাকা অবসরপ্রাপ্ত বিচারপতি দিলীপ শেঠ কমিটির বিরুদ্ধে আর্থিক অনিয়মের অভিযোগ নিয়ে সেবি-কে (SEBI) ফরেনসিক অডিট করানোর নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি রাজর্ষি ভরদ্বাজ ও বিচারপতি মহম্মদ শাব্বার রশিদির ডিভিশন বেঞ্চ এদিন জানিয়েছে, রোজভ্যালির ১০ টি সম্পত্তি বিক্রি সংক্রান্ত প্রথম রিপোর্ট দিতে হবে সেবিকে। সম্পত্তি বিক্রিতে বাজারদরের তুলনায় কত বেশি বা কম দাম ধরা হয়েছে, কত দামে সম্পত্তি বিক্রি হয়েছে, সেই রিপোর্ট'ও তাদের দিতে হবে। এছাড়া, রোজভ্যালির যাবতীয় হিসেব নিকেষ বৈধ কি না তাই নিয়ে'ও ফরেনসিক অডিট করাতে হবে।

চকলেট গ্রুপ থেকে কি করে এডিসি(এসেট ডিসপোজাল কমিটি) টাকা নিলো, সে'ব্যাপারেও বিস্তারিত হিসেব ও বিষয়টা কতটা বৈধ, তাও জানাতে হবে।

***********************

রাণী বিড়লা গার্লস কলেজে পরিচালন সমিতির সভাপতি পদে কাউন্সিলার কাজরি বন্দোপাধ্যায়ের নিয়োগ নিয়ে কলকাতা হাইকোর্টের সিঙ্গল বেঞ্চের পর্যবেক্ষণেই সহমত পোষণ করলো ডিভিশন বেঞ্চ। হাইকোর্ট তার পর্যবেক্ষণে জানিয়েছিল, ২০১৭ সালের আইন অনুযায়ী শিক্ষাক্ষেত্রের সঙ্গে যুক্তরাই কেবল ওই পদে থাকতে পারবেন। কিন্তু সেই নিয়ম এই ক্ষেত্রে কেন মানা হয়নি, তা' নিয়ে প্রশ্ন তুলেছিলেন বিচারপতি বিভাস পট্টনায়েক। তার বিরুদ্ধেই ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হন কাজরি বন্দ্যোপাধ্যায়।

দুই বিচারপতি তপব্রত চক্রবর্তী ও ঋতব্রতকুমার মিত্রের ডিভিশন বেঞ্চ জানিয়েছে, বিস্তারিত শুনানির প্রয়োজন আছে বলে সিঙ্গেল বেঞ্চ যে নির্দেশ দিয়েছে, তা' যথাযথ এবং সেই বেঞ্চেই এই মামলার শুনানি হবে।

***********************

কলকাতা হাইকোর্ট, সুপ্রিম কোর্টের নির্দেশে ২০১৬ সালের SSC-র চাকরিহারা গ্রুপ-সি ও গ্রুপ-ডি কর্মীদের সরকারি ভাতা দেওয়ার সিদ্ধান্তের ওপর অন্তর্বর্তীকালীন স্থগিতাদেশের সময়সীমা বৃদ্ধি করেছে। ২০২৬ সালের জানুয়ারি মাস পর্যন্ত এই স্থগিতাদেশ বজায় থাকবে বলে বিচারপতি অমৃতা সিনহা জানিয়েছেন।

উল্লেখ্য, চাকরিহারা গ্রুপ-সি এবং গ্রুপ-ডি কর্মীদের ২০ হাজার ও ২৫ হাজার টাকা করে ভাতা দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করে রাজ্য সরকার। সেই সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানিয়ে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়। ওই মামলায় বিচারপতি অমৃতা সিনহা আগেই অন্তর্বর্তী স্থগিতাদেশ জারি করেছিলেন। সেই স্থগিতাদেশের সময়সীমা আজ বৃদ্ধি করা হল ।

***********************

নিয়োগের দাবিতে ফের পথে নেমেছেন চাকরি প্রার্থীরা। ২০২৩এর টেটের ফল প্রকাশ ও দ্রুত শিক্ষক পদে নিয়োগের দাবিতে আজ প্রাথমিক শিক্ষা পর্ষদ অভিযান করেন ওই

বছরের টেট পরীক্ষার্থীরা। তাঁদের অভিযোগ, ২০২২ এর টেটের ফল দু মাসের মধ্যে প্রকাশিত হয়েছিল। অথচ ২০২৩ এর ডিসেম্বরে টেট পরীক্ষা হওয়ার পর এখনো পর্যন্ত ফল প্রকাশ হয়নি। চূড়ান্ত উত্তরপত্র ও প্রকাশ করা হয়নি। এই দাবিতে প্রাথমিক শিক্ষা পর্ষদে স্মারকলিপি ও জমা দেন তাঁরা। পাশাপাশি সদ্য গৃহীত এসএসসি পরীক্ষায় স্বচ্ছভাবে নিয়োগের দাবিতেও আজ এসএসসি ভবন অভিযানে সামিল হন নতুন পরীক্ষার্থীরা।

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ৭৫তম জন্ম দিবস উপলক্ষে সেবা পক্ষকাল পালনের অঙ্গ হিসেবে বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য আজ সল্টলেকে ন্যাশনাল ইনস্টিটিউট অফ হোমিওপ্যাথিতে স্বচ্ছতা ও সেবাদান কর্মসূচিতে অংশ নেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি জানান, এই উপলক্ষে সারা দেশে রক্তদান শিবির,স্বাস্থ্য শিবির,বিনামূল্যে চশমা বিতরণ, মায়ের নামে একটি গাছ লাগানো সহ বিভিন্ন কর্মসূচি চলছে।

বিজেপি রাজ্য সভাপতি বলেন, প্রধানমন্ত্রীর নেতৃত্বে সারাদেশে যে আর্থসামাজিক পরিবর্তন ঘটেছে তা মানুষকে স্পর্শ করেছে।

**********************

সেবা ও সুশাসন, অর্থাৎ জনসেবা এবং সুশাসনের মন্ত্র দ্বারা পরিচালিত, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার দেশে অগ্রগতি আনতে অক্লান্ত পরিশ্রম করে চলেছে। আজ, এই বিশেষ 'সেবা পর্ব'-এ, আমরা আপনাদের সামনে তুলে ধরছি কিভাবে মোদী সরকার বেটি বাঁচাও, বেটি পড়াও অভিযানের মাধ্যমে প্রতিটি কন্যা সন্তানের মর্যাদা, সুরক্ষা এবং শিক্ষা নিশ্চিত করেছে।

একটি প্রতিবেদন- ( ক্যাপসুল- কাশফিন )

**********************

সেবা পর্ব কর্মসূচির অধীনে আজ শুনবেন বিশেষ আলোচনা জাতীয় শিক্ষা নীতি ও বিদ্যালয় শিক্ষা ব্যবস্থা। পি এম শ্রী কেন্দ্রীয় বিদ্যালয় ব্যারাকপুর (আর্মি) র প্রিন্সিপাল অসীম নাথের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।
আলোচনাটি শোনা যাবে আজ রাত ১০ টায় গীতাঞ্জলি ও DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া পেজ এ।

************************

বিশিষ্ট অসমিয়া সঙ্গীত শিল্পী ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব জুবিন গর্গ প্রয়াত। সিঙ্গাপুরে স্কুবা ডাইভিং-এর সময় এক দুর্ঘটনায় প্রাণ হারান তিনি। বয়স হয়েছিল- ৫২ ।
খবরে প্রকাশ, সিঙ্গাপুর পুলিশ সমুদ্রের মধ্যে থেকে অচৈতন্য অবস্থায় তাঁকে উদ্ধার করে স্থানীয় একটি হাসপাতালে নিয়ে যায়। ইন্টেন্সিভ কেয়ার ইউনিটে রাখা হলেও, বাঁচানো যায়নি জুবিনকে। উত্তর পূর্বাঞ্চলীয় উৎসবে যোগ দিতে জুবিন সিঙ্গাপুরে গিয়েছিলেন। আজই সেখানে তাঁর অনুষ্ঠান করার কথা ছিল। জুবিনের এই অকাল মৃত্যুর খবর ছড়িয়ে পরতেই, সঙ্গীত ও সাংস্কৃতিক জগতে নেমে এসেছে শোকের ছায়া।

উল্লেখ্য, ২০০৬-এ গ্যাংস্টার ছবিতে তার ‘ইয়া আলি’ গানটি জুবিন গর্গকে খ্যাতির আলোয় নিয়ে আসে।
অসমিয়া ছাড়াও, ৪০ টি ভিন্ন ভাষায় গান গেয়েছেন জুবিন। তাঁর বেশ কিছু জনপ্রিয় বাংলা গান’ও রয়েছে, যার মধ্যে উল্লেখযোগ্য- চিরদিনই তুমি যে আমার সিনেমার- ‘পিয়া রে পিয়া রে’, প্রেমের কাহিনী ছবির- ‘রিমঝিম এ ধারাতে’, মন মানে না ছবির ‘মন মানে না’ ইত্যাদি।
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জুবিন গর্গের আকস্মিক প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রী মোদী বলেছেন, সঙ্গীত জগতে তাঁর অসামান্য অবদানের জন্য সমাজের সর্বস্তরের মানুষ চিরকাল তাঁকে স্মরণ করবেন। তিনি তাঁর পরিবার ও অনুগামীদের প্রতিও সমবেদনা জানিয়েছেন।

**********************

মোহনবাগানের প্রাক্তন ফুটবলার মৃত্যুঞ্জয় ব্যানার্জী প্রয়াত। আজ সকালে দক্ষিণ কলকাতার গল্ফ গ্রিনের বাড়িতে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৮৬ বছর।

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ছেলেবেলার কিছু ঘটনাকে কেন্দ্র করে তৈরি স্বল্প দৈর্ঘ্যের ছবি চলো জিতে হ্যায় প্রদর্শিত হচ্ছে কলকাতার বিভিন্ন প্রেক্ষাগৃহে। আজ বিকেলে সাউথ সিটির আইনক্স এ ছবিটি দেখতে ভিড় করেন বহু মানুষ। ছবিতে দেখা যায়, কেন্দ্রীয় চরিত্র নরু নামের বছর বারোর এক কিশোর কীভাবে সমাজের পিছিয়ে পড়া শ্রেণির এক কিশোরের প্রতি সাহায্যের হাত বাড়িয়ে তাকে মূল স্রোতে ফেরানোর চেষ্টা করছে।

ছবি দেখে বেরিয়ে উচ্ছ্বসিত প্রশংসা করেন দর্শকেরা।

রুম্পা হালদার নামে এক দর্শক বললেন, বাড়ির ছোটদের অবশ্যই ছবিটি দেখানো উচিত।

( বাইট- রুম্পা )

**********************

মহালয়ায় আগামী রবিবার ২১ শে সেপ্টেম্বর আকাশ মোটামুটি পরিষ্কার থাকলেও পুজোয় এবার দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

উত্তর আন্দামান সাগরে বায়ুস্তরের উপরিভাগে একটি ঘূর্ণাবর্ত রয়েছে। এর ফলে আগামী সোম / মঙ্গলবার ২২-২৩ তারিখ নাগাদ দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ বাড়বে বলে দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

****************************************************************